



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

www.barisalboard.gov.bd

স্মারক নং : বশিবো/ কলেজ/অনু:/ ২০২২/ ১৬৪০

তারিখ : ২১ আশ্বিন ১৪২৯
০৬. ১০. ২০২২

জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল অধ্যক্ষ ও প্রধান শিক্ষক মহোদয় এবং কর্মরত শিক্ষক মন্ডলীর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠান পরিচালনায় নিম্নোক্ত জনগুরুত্বপূর্ণ বিষয়াবলী সম্পর্কে উল্লেখ্য ব্যক্তিবর্গ যেন সুনির্দিষ্ট ধারা এবং আইন অনুসরণ করে চলেন। অন্যথায় প্রদত্ত বিষয়গুলো সম্পর্কে উল্লিখিত ব্যক্তিবর্গ প্রশ্নের মুখোমুখি হবেন।

০১. অনেক মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক - তার প্রতিষ্ঠান যখন স্তর উন্নয়নের মাধ্যমে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত হয়-তখন ঐ প্রধান শিক্ষক তার মূল ডেজিগনেশন "প্রধান শিক্ষকের" পরিবর্তে "অধ্যক্ষ" পদবিটি ব্যবহার করেন। যা নিয়মিত বিধিবিহীন এবং প্রতারণার সামিল। যদি কোন মাধ্যমিক বিদ্যালয় স্তর উন্নয়নের পর অর্থাৎ উচ্চমাধ্যমিক শ্রেণিতে ভর্তির অনুমতি পায় এবং সেই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকের অবসর বা চাকরি থেকে বরখাস্ত অথবা যে কোন কারণে প্রধান শিক্ষকের পদটি শূন্য হয় এবং এরপর যদি অধ্যক্ষ নিয়োগ হয় - কেবল তিনিই অধ্যক্ষ পদবিটি ব্যবহার করতে পারবেন। অন্যথায় নয়। এই আদেশ জারি হবার পর যদি কোন প্রধান শিক্ষক একই ভুল করেন- তাহলে তার আবেদনটি রিজেক্ট করা হবে। পরবর্তীতে তাকে পুনরায় ফি সহ আবেদন করতে হবে। (শিক্ষামন্ত্রণালয় শাখা - ১১, বিদ্যালয় -২, নং -শা ১১/বিবিধ-৪/১৫/৩১২-শিক্ষা,ধারা-২, তারিখ : ০৪.০১.১৯৯৫)।

০২. প্রতিষ্ঠানের গভর্নিংবডি'র দাতা সদস্য হিসেবে ইতোপূর্বে দুটি নিয়ম প্রচলিত ছিল - সাময়িক দাতা এবং আজীবন দাতা। বর্তমানে বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, রবিবার, জানুয়ারি ১, ২০১৭ অনুযায়ী প্রবিধান মালা -২০০৯এর ২/চ (আ)(১) এ উল্লিখিত "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দাতা" শব্দগুলোর পরিবর্তে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আজীবন দাতা" শব্দগুলো প্রতিস্থাপিত হবে। অর্থাৎ আজীবন দাতা সদস্য হিসেবে বরিশাল মহানগর এলাকায় ৬০০,০০০ (ছয় লক্ষ) টাকা এবং বরিশাল মহানগর ব্যতীত অন্য এলাকায় অবস্থিত কোন বেসরকারি প্রতিষ্ঠানে ২০০,০০০ (দুই লক্ষ) টাকা দান করলে তিনি আজীবন দাতা সদস্য হিসেবে পরিগণিত হবেন। এই পত্র প্রকাশের পর থেকে যে কোন বেসরকারি প্রতিষ্ঠানের গভর্নিংবডি গঠনে দাতা সদস্য নির্বাচনে এই ধারাটি অবশ্যই অনুসরণ করতে হবে।

০৩. যে সমস্ত সম্মানিত শিক্ষকমন্ডলী গবেষণা করে পিএইচ.ডি ডিগ্রি অর্জন করেছেন এবং যারা নামের পূর্বে ড. ব্যবহার করছেন - তাদের অবশ্যই বাংলাদেশ সচিবালয়, শিক্ষামন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কলেজ শাখা-৫/৬ (সরকারি /বেসরকারি) থেকে পিএইচ.ডি ডিগ্রি ব্যবহারের অনুমতিপত্র সহ পিএইচ.ডি ডিগ্রি ব্যবহার করতে হবে।

০৪. প্রায়ই বিভিন্ন প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক এবং অভিভাবক বৃন্দকে বিভিন্ন মোবাইল নম্বর থেকে শিক্ষাবোর্ড কর্মকর্তা পরিচয় দিয়ে ফোন করে বিভিন্ন খাতের সুবিধা (উপবৃত্তি, শিক্ষাবোর্ড বৃত্তি, অন্ধকল্যাণ সমিতির বৃত্তি ইত্যাদি) পাইয়ে দেয়ার কথা বলে ফোন করে থাকে। বিষয়টি অত্যন্ত স্পর্শ কাতর। বরিশাল শিক্ষাবোর্ডের সকল প্রকার ফি সোনালী সেবার মাধ্যমে আদায় করা হয়ে থাকে। একমাত্র সোনালী সেবা এবং বরিশাল শিক্ষাবোর্ড বিজ্ঞাপিত সুনির্দিষ্ট মাধ্যম ব্যতীত অন্য কোন মোবাইল নম্বরে বা কারো হাতে কোন প্রকার ফি বা যে নামেই তা প্রচারিত করা হোক না কেন, জমা না দেয়ার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে সবাইকে অবহিত করা হলো।


০৬.১০.২০২২

ড. মো: লিয়াকত হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।